গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
(বীমা-২ শাখা)
www.fid.gov.bd

নম্বর-৫৩.০০.০০০০.০০০.৪১১.২৪.০০০৩.২৪.১৭৩

তারিখ: ২৯ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
১২ মে, ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: ২০২৬-২৭ শিক্ষাবর্ষে প্রফেশনাল একচ্যুয়ারির বিষয়ভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিবন্ধন ফি প্রদানের লক্ষ্যে দরখাস্ত আহ্বান।**

আগামী ২০২৬-২৭ শিক্ষাবর্ষে প্রফেশনাল একচ্যুয়ারির বিষয়ভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিবন্ধন ফি প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে ও নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা হচ্ছে:

১। Institute and Faculty of Actuaries, UK (IFoA-UK); Society of Actuaries, USA (SoA-USA) বা অন্য কোন দেশের সমমানের প্রতিষ্ঠানে নিবন্ধনকরত: বিষয়ভিত্তিক নির্ধারিত পরীক্ষায় অংশগ্রহণের মাধ্যমে প্রফেশনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক শিক্ষার্থী আবেদন করতে পারবেন;

২। আবেদনকারী বিষয়ভিত্তিক পরীক্ষায় নিবন্ধনপূর্বক সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিবন্ধন ফি সংক্রান্ত Invoice বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করার পর এতৎসংক্রান্ত অর্থ পরিশোধ করা হবে;

৩। IFoA-UK, SoA-USA বা সমমানের কোন সোসাইটিতে ১ (এক) বিষয়ে পরীক্ষায় অবতীর্ণ হওয়ার পর ৫ (পাঁচ) বছর পর্যন্ত 'একচ্যুয়ারিয়াল সাইন্স স্কলারশিপ তহবিল' এর অর্থায়নে একই বিষয়ে সর্বোচ্চ ২ (দুই) বার বিষয়ভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে দ্বিতীয়বার পরীক্ষা দেয়ার পরও যদি কোন বিষয়ে কৃতকার্য না হোন, এক্ষেত্রে নিজ খরচে তৃতীয়বার পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তৃতীয়বারের পরীক্ষায় অংশগ্রহণপূর্বক কৃতকার্য শিক্ষার্থীর পরীক্ষার ফি উক্ত তহবিল থেকে পরবর্তীতে পুন:ভরণ করা হবে। কোন অবস্থাতেই একই বিষয়ে চতুর্থবার পরীক্ষায় অংশগ্রহণের জন্য 'একচ্যুয়ারিয়াল সাইন্স স্কলারশিপ তহবিল' হতে ফি প্রদান করা হবে না;

৪। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থা, বিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত সরকারি প্রতিষ্ঠান, সরকারি-বেসরকারি বীমা কোম্পানি (লাইফ/নন-লাইফ)-তে চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে প্রার্থীগণ চাইলে আবেদনের অগ্রিম কপি নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে পারবেন;

৫। আগ্রহী প্রার্থীগণ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.fid.gov.bd ও www.idra.org.bd) থেকে আবেদনপত্রের ফরম ডাউনলোড করতে পারবেন;

৬। সম্প্রতি তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট এর সত্যায়িত কপি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, পরীক্ষার মার্কশিট/গ্রেড পয়েন্টের সত্যায়িত কপি, IFoA-UK, SoA-USA বা সমমানের প্রতিষ্ঠান হতে মডিউলভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণের প্রমাণক, ব্যয় সংক্রান্ত Invoice এর কপিসহ আবেদেনকারী কর্তৃক স্বাক্ষরিত আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবরে ডাকযোগে অথবা সরাসরি পৌঁছাতে হবে। উল্লেখ্য, যারা ইতোপূর্বে বিষয়ভিত্তিক পরীক্ষায় নিবন্ধনপূর্বক নিয়মিত অধ্যয়ন করছেন তাদের ক্ষেত্রে শুধুমাত্র মডিউলভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণের প্রমাণক দাখিল করলেই হবে;

৭। আবেদনের সময়সীমা **১৫ জুন, ২০২৬ তারিখ, সোমবার, বিকাল ০৫:০০ টা পর্যন্ত,** এবং

৮। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন/পরিবর্ধন এবং যে কোন অনুদানপ্রাপ্ত ব্যক্তির আবেদন বিবেচনা/বাতিলের নিরঙ্কুশ ক্ষমতা সংরক্ষণ করেন।

(ছানিয়া আক্তার)
যুগ্মসচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
সদস্য-সচিব, স্টিয়ারিং কমিটি
☎ ০২-৫৫১০১৩৮৭
ই-মেইল: js.insurance@fid.gov.bd

| ক্রমিক সংখ্যা (অফিস কর্তৃক পূরণীয়): | |
|---|---|

দুই কপি সদ্য তোলা রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত

সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**[দৃ: আ: যুগ্মসচিব (বীমা অধিশাখা)]**

**বিষয়ঃ ২০২৬-২৭ শিক্ষাবর্ষে প্রফেশনাল একচ্যুয়ারির বিষয়ভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিবন্ধন ফি প্রদানের লক্ষ্যে আবেদন।**

১. (ক) আবেদনকারীর নাম (বাংলায়): ..........................................................................................

(খ) ইংরেজিতে (IN BLOCK LETTERS): ..........................................................................................

২. পিতার নাম:..........................................................................................

৩. মাতার নাম:..........................................................................................

৪. জন্মতারিখ:..........................................................................................

৫. জাতীয় পরিচয়পত্র নম্বর:..........................................................................................

৬. পাসপোর্ট নম্বর:............................................................মেয়াদঃ...........................................................

৭. মোবাইল নম্বর:..........................................................................................

৮. ই-মেইল:..........................................................................................

৯. ঠিকানা-

(ক) বর্তমান ঠিকানা:..........................................................................................

..........................................................................................

(খ) স্থায়ী ঠিকানা: ..........................................................................................

..........................................................................................

১০. চাকুরিরত প্রার্থীর ক্ষেত্রে:..........................................................................................

(ক) কর্মরত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা:..........................................................................................

..........................................................................................

(খ) চাকুরিতে` যোগদানের তারিখ: ..........................................................................................

(গ) বর্তমান পদবি:..........................................................................................

(ঘ) চাকরির ধরণ :

| | স্থায়ী | | অস্থায়ী |
|---|---|---|---|

১১. IFoA-UK, SoA-USA বা অন্য কোন দেশের সমমানের প্রতিষ্ঠান এর Reference নম্বর ও তারিখ

| | |
|---|---|

১২. শিক্ষাগত যোগ্যতার বিবরণ (সকল সনদ, নম্বরপত্র /Transcript এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে):

| পরীক্ষার নাম | সন | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | বোর্ড/বিশ্ববিদ্যালয় | বিভাগ/শ্রেণি/বিষয় | মোট নম্বরের শতকরা হার/জিপিএ |
|---|---|---|---|---|---|
| এস.এস.সি/সমমান | | | | | |
| এইচ.এস.সি/সমমান | | | | | |
| স্নাতক (সম্মান) | | | | | |
| স্নাতকোত্তর | | | | | |
| অন্যান্য একাডেমিক ডিগ্রি (যদি থাকে) | | | | | |

১৩. প্রার্থী সম্পর্কে তথ্য প্রদানে সক্ষম এমন দু’জন ব্যক্তির তথ্য (শিক্ষক/গবেষক/চাকুরিজীবী):

(ক) নাম....................................................পদবি:..................................................................

বর্তমান ঠিকানা:....................................................................................................................

টেলিফোন/মোবাইল নম্বর:...................................................ই-মেইল:.................................................

জাতীয় পরিচয়পত্র নং:.............................................................................................................

(খ) নাম....................................................পদবি:..................................................................

বর্তমান ঠিকানা:....................................................................................................................

টেলিফোন/মোবাইল নম্বর:...................................................ই-মেইল:.................................................

জাতীয় পরিচয়পত্র নং:.............................................................................................................

তারিখ:..........................................

..... .......................
আবেদনকারীর স্বাক্ষর

নাম:

ই-মেইল:

মোবাইল:

**বিশেষ দ্রষ্টব্য:**

(ক) সংশ্লিষ্ট বিষযে অতিরিক্ত তথ্য আলাদাভাবে লিপিবদ্ধ করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে;

(খ) সকল সার্টিফিকেট এর সত্যায়িত কপিসহ ৪ সেট আবেদনপত্র জমা দিতে হবে;

(গ) চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/অফিসের অনুমতিপত্র/No Objection Certificate জমা দিতে হবে; এবং

(ঘ) Institute and Faculty of Actuary (IFoA-UK), Society of Actuaries, USA (SoA-USA) বা অন্য কোন দেশের সমমানের প্রতিষ্ঠান এর Reference নম্বর ও তারিখ উল্লেখ করতে হবে।

তানিয়া আক্তার
যুগ্মসচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার